গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বরিশাল সদর,বরিশাল।
www.barisalsadar.barisal.gov.bd

স্মারক নং-০৫.১০.০৬৫১.০০১.২৩.০০১.২৪.২৫৮

তারিখ ঃ ১৯ চৈত্র ১৪৩০ / ০২ এপ্রিল ২০২৪

## বাংলা ১৪৩১ সনে হাট-বাজার ইজারার পুন: বিজ্ঞপ্তি (৫ম পর্যায়)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১-০৯-২০১১ খ্রিঃ তারিখের ৪৬.৪০১.০৩০.০২.০০.০০.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত নীতিমালা অনুযায়ী সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল সদর উপজেলার ভৌগলিক সীমারেখার মধ্যে অবস্থিত নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ সনের জন্য ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**০২.দরপত্র প্রাপ্তির স্থান ঃ**

(ক) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বরিশাল। (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বরিশাল সদর বরিশাল। (গ) সহকারী কমিশনার (ভূমি) বরিশাল সদর বরিশাল এর কার্যালয়। (ঘ) অফিসার ইনচার্জ, কোতোয়ালি মডেল থানা/ কাউনিয়া থানা/ বন্দর থানা/ বিমান বন্দর থানা, বিএমপি, বরিশাল। (ঙ) সোনালী ব্যাংক লিঃ, সিএন্ডবি, রোড শাখা, বরিশাল হতে অফেরৎযোগ্য নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে।

**০৩.দরপত্র দাখিলের স্থান ঃ**

(ক) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, বরিশাল (খ) পুলিশ সুপারের কার্যালয়,বরিশাল (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বরিশাল সদর, বরিশাল। (ঘ) সহকারী কমিশনার (ভূমি) বরিশাল সদর, বরিশাল এর কার্যালয়।

**০৪. দরপত্র দাখিলের সময়সূচি ঃ**

| বিজ্ঞপ্তির পর্যায় | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫ম বিজ্ঞপ্তি | ০৮-০৪-২০২৪ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত | ০৯-০৪-২০২৪ তারিখ দুপুর ১.০০ ঘঃ পর্যন্ত | ০৯-০৪-২০২৪ তারিখ দুপুর ০২.০০ ঘটিকা | -- |

**বাংলা ১৪৩১ সনের ইজারাযোগ্য হাট-বাজার এর তালিকা ও সরকারি সম্ভাব্য মূল্য ঃ**

| ক্র.নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | ১৪৩১ বাংলা সালের সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|
| ০১. | ফকিরের হাট | রায়পাশা কড়াপুর | ১,৮৯৭/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০২. | আমিরগঞ্জ হাট | চরবাড়িয়া | ৭২,৫০৪/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০৩. | মক্রম-প্রতাপ হাট | চরমোনাই | ৪,৬৭১/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০৪. | তুলাতলা হাট | | ৪৩,০৭০/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০৫. | সাহেবের হাট | চাঁদপুরা | ২০,৬৭,৪৪৫/- | ৪,৮০০/-(চার হাজার আটশত) টাকা |
| ০৬. | মৌলভীর হাট | | ৫৫,৬৪৭/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০৭. | দুর্গাপুর হাট | | ৫৯,৯৫১/- | ৫০০/-(পাঁচশত) টাকা |
| ০৮. | ধোপাকাঠী হাট | টুঙ্গিবাড়ীয়া | ৩,২৮৬/- | ৫০০/-(পাঁচশত) টাকা |

**হাট-বাজার ইজারার শর্তাবলী**

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% ( শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বরিশাল সদর,বরিশাল এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে রক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

CamScanner

৩। যার দরপত্র গ্রহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট (মোট ১০০% অর্থ) অবশ্যই একই সংগে উপজেলা নির্বাহী অফিসারের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে নিজ দায়িত্বে জমা করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। কোন আংশিক টাকা গ্রহণ করা হবে না। আরও উল্লেখ্য যে, ইজারা কার্যক্রম চলাকালীন কিংবা ইজারা পরবর্তী সময়ে সরকার কর্তৃক ধার্যকৃত কোন কর আরোপ করা হলে তা পরিশোধ করতে হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। **ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/ (তিনশত টাকা মাত্র) নন- জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।**

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার রাখবেন।

১৪। দরপত্র দাতা কর্তৃক উদ্বৃত দর/ টাকার পরিমাণ (অংকে ও কথায়) স্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না। কোনরুপ কাটাকাটি হলে উহাতে দরপত্র দাতার অনুস্বাক্ষর থাকতে হবে।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারের অন্য কোন আইন, বিধি, আদেশ. বিধান, পরিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে সে সকল আইন, বিধি, আদেশ. বিধান, পরিপত্র ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

১৯। দরপত্রে উল্লিখিত সিডিউল অনুযায়ী হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তির পর প্রচারের জন্য আর কোন বিজ্ঞপ্তি প্রদান করা হবে না।

২০। দরপত্র সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীণ সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।

২১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/০৪/২৪

মোঃ মাহাবুব উল্লাহ মজুমদার
উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল সদর, বরিশাল।
e-mail: unobarishal@mopa.gov.bd
ফোন ঃ ০২৪৭-৮৮৬৪৯৮৯(অফিস)।

স্মারক নং-০৫.১০.০৬৫১.০০১.২৩.০০১.২৪.২৫৮

তারিখ ঃ ১৯ চৈত্র ১৪৩০ / ০২ এপ্রিল ২০২৪

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কর্যার্থে ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩. জেলা প্রশাসক, বরিশাল।
০৪. পুলিশ সুপার,বরিশাল।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা,বরিশাল সিটি কর্পোরেশন,বরিশাল।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা,জেলা পরিষদ,বরিশাল।

হাট বাজার ইজারা বিজ্ঞপ্তি

CamScanner

০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল।
০৯. চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বরিশাল সদর, বরিশাল।
১০. সহকারী কমিশনার (ভূমি), বরিশাল সদর, বরিশাল।
১১. অফিসার ইন চার্জ, কোতোয়ালি মডেল থানা/কাউনিয়া থানা/বন্দর থানা/ বিমান বন্দর থানা বিএমপি, বরিশাল।
১২. পোষ্ট মাস্টার, প্রধান ডাকঘর, বরিশাল।
১৩. সাব-রেজিস্ট্রার, বরিশাল সদর, বরিশাল।
১৪. উপজেলা ......................................................অফিসার, বরিশাল সদর, বরিশাল।
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, সিএন্ডবি রোড শাখা, বরিশাল।
১৬. চেয়ারম্যান...............................................ইউনিয়ন পরিষদ, বরিশাল সদর, বরিশাল। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের হাট-বাজারে মাইকিং ও ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..................................ইউনিয়ন ভূমি অফিস, বরিশাল সদর, বরিশাল। বিজ্ঞপ্তিটি তার অধিক্ষেত্রাধীন এলাকায় মাইকিং ও ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮. সম্পাদক, ---------------------------- তাকে উপরোক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ০১(এক) দিন সিঙ্গেল স্পেসে ০৩ কলামে ১৫" ইঞ্চি সাইজে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৯. জনাব...................................................পিতা:................................................গ্রাম:...............................

ডাকঘর:..........................উপজেলা: বরিশাল সদর, জেলা: বরিশাল। (বাংলা ১৪৩০ সালের হাট-বাজারের ইজারাদার)।

২০. অফিস নথি।

(স্বাক্ষর) ০৪/২৪

উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল সদর, বরিশাল।

CamScanner